



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, খুলনা।
ওয়েবসাইট : www.cevappealkhulna.gov.bd
ই-মেইল : cevtappeal_kln@yahoo.com

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে সভা আহবান।

সভার স্থান : কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, খুলনার কমিশনার মহোদয়ের অফিস কক্ষ।

তারিখ : ০৬/০৯/২০২২ খ্রিঃ।

সময় : দুপুর ০২:০০ ঘটিকা।

সভাপতি : ড. নাহিদা ফরিদী, কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, খুলনা।

কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, খুলনায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র দপ্তরের সুযোগ্য কমিশনার ড. নাহিদা ফরিদী। সভাপতি মহোদয় মহান সৃষ্টিকর্তার প্রশংসা জ্ঞাপন পূর্বক সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার বিস্তারিত বিষয় তুলে ধরা হলো। সভায় উপস্থিতির তালিকা সংলাগ “ক” তে উপস্থাপন করা হলো।

ক্রঃ নং-	আলোচ্য বিষয়	আলোচনার বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	সভায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত নিম্নোক্ত আলোচনা করা হয়।	সভায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত নিম্নোক্ত আলোচনা করা হয়। ১। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে এ দপ্তরের সাথে বিভিন্ন অংশীজন যেমন আপীলকারী মনোনীত সিএন্ডএফ এজেন্ট, আপীল মামলার বিবাদী ইত্যাদি অংশীজনের সাথে সুসম্পর্ক বজায় রাখা; ২। আপীলকারীর আপীলের সময় দাখিলকৃত দলিলাদি সঠিক থাকা সাপেক্ষে দ্রুততার সাথে মামলা গ্রহণ ও শুনানীর ব্যবস্থা গ্রহণ করা; ৩। সংক্ষিপ্ত সময়ের মধ্যে মামলার শুনানী গ্রহণ শেষে মামলা নিষ্পত্তি করা; ৪। মামলায় প্রযোজ্য সকল দলিলাদী বাদী/বিবাদী কর্তৃক সরবরাহ করা এবং এক্ষেত্রে বিলম্ব পরিহার করা; ৫। কোনো ক্ষেত্রেই যেন কোনো পক্ষ অহেতুক হয়রানীর শিকার না হয় সে দিকে খেয়াল রাখা।	সভায় উপরোল্লিখিত বিষয় সমূহ পুঙ্খানুপুঙ্খ ভাবে মেনে চলার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় আর কোন জরুরী আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় সকলকে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার কার্য সমাপ্ত করেন।	স্টেকহোল্ডারগণ ও কর্মকর্তা কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, খুলনা

স্বাঃ

(ড. নাহিদা ফরিদী)

কমিশনার (চঃ দাঃ)

ফোন : ০২৪৭৭৭০০৭৯১

তারিখ : ০৬/০৯/২০২২ খ্রিঃ।

নথি নং-এস/০৩/সিইডিটি (আপীল)/খুলনা/শুদ্ধাচার/২০১৭-১৮/ ৪২৭ ক(১-৭)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

১। সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

২। দ্বিতীয় সচিব (শুল্ক ও ভ্যাট প্রশাসন-১), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৩। সহকারী কমিশনার, কাস্টম হাউস, বেনাপোল, যশোর।

৪। বার্জার ফসরক লিঃ, বার্জার হাউস, হাউস নং-৮, রোড নং-২, সেক্টর ০৩, উত্তরা, ঢাকা-১২৩০।

৫। নেসলে বাংলাদেশ লিঃ, নিনাকাববো (লেভেল-৪), ২২৭/এ গুলশান লিংক রোড, ঢাকা-১২০৮।

৬। সি এন্ড এফ এজেন্ট, কাস্টম হাউস, বেনাপোল, যশোর/মোংলা, বাগেরহাট।

৭। জনাব আর. এম সাগর, সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, খুলনা (তাকে সভার কার্যবিবরণী ওয়েব সাইট এ প্রকাশ করার জন্য বলা হলো)।

৮। পি এ টু কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, খুলনা (কমিশনার মহোদয়ের অবগতির জন্য)।

৯। অফিস কপি।

Addin
06.09.2022
(জি. এম. নাসির উদ্দীন)